

বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এ্যান্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন
৬৩, নিউ ইন্সটান, ঢাকা।

শেখ রাসেল দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে আয়োজিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ মাহবুব-উল-আলম
মহাপরিচালক
বিয়াম ফাউন্ডেশন
সভার স্থান : বিয়াম সভা কক্ষ
তারিখ : ১১.১০.২০২৩ খ্রি:
সময় : দুপুর ১২:০০ ঘটিকা।
সভার উপস্থিতি তালিকা : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। গত ০৫/১০/২০২৩ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সভায় গৃহীত কর্মসূচির আলোকে বিয়ামে গৃহীতব্য কর্মসূচি বিষয়ে মহাপরিচালক মহোদয়ের অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) সভায় উপস্থাপন করেন। অতঃপর বিয়াম ফাউন্ডেশন, ঢাকায় আগামী ১৮/১০/২০২৩ তারিখে শেখ রাসেল দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে আয়োজিত প্রস্তুতিমূলক সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

ক্র নং	কর্মসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১।	বিয়াম ফাউন্ডেশন চত্বরে শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ।	আগামী ১৮/১০/২০২৩ তারিখে বিয়াম প্রাঙ্গনে দৈর্ঘ্য ০৪ ফুট x প্রস্থ ০৩ ফুট আকারের শেখ রাসেলের প্রতিকৃতি প্রস্তুত করে পুষ্পস্তবক অর্পণের বিষয়ে আলোচনা হয়।	আগামী ১৮/১০/২০২৩ তারিখে সকাল ১০:০০ টায় শেখ রাসেল এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে।	পরিচালক (প্রশাসন) ও সহকারী প্রকৌশলী, বিয়াম ফাউন্ডেশন
২।	আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন।	বিয়াম ফাউন্ডেশন, ঢাকার অডিটরিয়ামে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হবে। এ বিষয়ে সভাপতি অডিটরিয়ামে বিয়াম ফাউন্ডেশন হতে ১৫০ জন (প্রশিক্ষার্থীসহ), বিএমএসসি হতে ২০০ জন এবং বিএলএস হতে ২০০ জন অংশগ্রহণ করতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করেন। একই সাথে বিয়াম, কক্সবাজার ও বগুড়া আঞ্চলিক কেন্দ্রেও আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজনের বিষয়ে আলোচনা হয়।	১। আগামী ১৮/১০/২০২৩ তারিখে সকাল ১০:৩০ টায় আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করা হবে। ২। বিয়াম ফাউন্ডেশন হতে ১৫০ জন (কর্মকর্তা/কর্মচারী ও প্রশিক্ষার্থীসহ), বিএমএসসি হতে ২০০ জন এবং বিএলএস হতে ২০০ জন অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।	১। পরিচালক (প্রশাসন) ২। পরিচালক (শিক্ষা) ৩। অধ্যক্ষ, বিএমএসসি ও বিএলএস, ঢাকা

ক্র নং	কর্মসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
	(খ) শেখ রাসেলের ওপর কুইজ, রচনা, চিত্রাংকন প্রতিযোগিতা ও প্রামাণ্যচিত্র প্রদর্শন এবং প্রতিযোগিতার পুরস্কার হিসেবে বাংলাদেশ শিশু একাডেমি এবং বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত শেখ রাসেল এর ওপর রচিত বই/গ্রন্থ বিতরণ।	বিএমএসসি ও বিএলএস, ঢাকা সুবিধাজনক সময় ও তারিখে শেখ রাসেলের ওপর কুইজ, রচনা, চিত্রাংকন প্রতিযোগিতা এবং প্রামাণ্যচিত্র প্রদর্শনের আয়োজন করবে। প্রতিযোগিতার পুরস্কার হিসেবে বাংলাদেশ শিশু একাডেমি এবং বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত শেখ রাসেল এর ওপর রচিত বই/গ্রন্থ বিতরণ করতে হবে মর্মে আলোচনা হয়। এছাড়া, সভাপতি বিয়াম ফাউন্ডেশন পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শেখ রাসেলের ওপর কুইজ, রচনা, চিত্রাংকন প্রতিযোগিতা এবং প্রামাণ্যচিত্র প্রদর্শনের আয়োজন করার জন্য পরামর্শ প্রদান করেন।	১। শেখ রাসেলের ওপর সুবিধাজনক সময় ও তারিখে কুইজ, রচনা, চিত্রাংকন প্রতিযোগিতা এবং প্রামাণ্যচিত্র প্রদর্শনের আয়োজন করার সিদ্ধান্ত হয়। ২। বিয়াম ফাউন্ডেশন পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শেখ রাসেলের ওপর কুইজ, রচনা, চিত্রাংকন প্রতিযোগিতা এবং প্রামাণ্যচিত্র প্রদর্শনের আয়োজন করার জন্য পত্র প্রেরণ করতে হবে।	অধ্যক্ষ, বিএমএসসি ও বিএলএস, ঢাকা পরিচালক (শিক্ষা)
৩।	গণযোগাযোগ অধিদপ্তর থেকে শেখ রাসেল এর ওপর ডকুমেন্টারি ও পোস্টার (যদি থাকে) সংগ্রহ এবং ডকুমেন্টারি ও পোস্টার প্রেরিত হলে যথাযথভাবে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ।	দিবসের প্রতিপাদ্য বিষয়সহ জাতীয় প্রোগ্রামের বিস্তারিত সূচি পাওয়া গেলে এবং গণযোগাযোগ অধিদপ্তর থেকে শেখ রাসেল এর ওপর ডকুমেন্টারি ও পোস্টার (যদি থাকে) পাওয়া গেলে বিয়াম ফাউন্ডেশনে যথাযথভাবে প্রদর্শনের ব্যবস্থা করা হবে মর্মে আলোচনা হয়।	দিবসের প্রতিপাদ্য বিষয়সহ জাতীয় প্রোগ্রামের বিস্তারিত সূচি পাওয়া গেলে এবং গণযোগাযোগ অধিদপ্তর থেকে শেখ রাসেল এর ওপর ডকুমেন্টারি ও পোস্টার (যদি থাকে) পাওয়া গেলে বিয়াম ফাউন্ডেশনে যথাযথভাবে প্রদর্শনের ব্যবস্থা করা হবে।	প্রটোকল ও জনসংযোগ কর্মকর্তা

০২। সভাপতি সভায় উপস্থিত সকলকে আলোচনায় অংশগ্রহণ করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন এবং যথাযোগ্য মর্যাদায় আগামী ১৮/১০/২০২৩ তারিখে শেখ রাসেল দিবস, ২০২৩ পালনের আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


স্বাক্ষরিত
১১/১০/২০২৩
(মোঃ মাহবুব-উল-আলম)
মহাপরিচালক
ফোন: ০২২২২২২০৩২৮
ই-মেইলঃ dg@biam.gov.bd

স্মারক নং- ০৫.০৫.০০০০.০০২.০২.০০২.২৩. ১২৬২(২৬)

তারিখঃ ১১ অক্টোবর, ২০২৩

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (সকল), বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
৩. পরিচালক, বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, বগুড়া/কক্সবাজার।
৪. উপপরিচালক (সকল), বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
৫. অধ্যক্ষ, বিএমএসসি/বিএলএস, ঢাকা।
৬. সহকারী পরিচালক (সকল), বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
৭. মেডিকেল অফিসার, বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
৮. প্রটোকল ও জনসংযোগ কর্মকর্তা/কোর্স সমন্বয়ক (সকল)/সহকারী প্রকৌশলী/ সহকারী প্রোগ্রামার/ হিসাবরক্ষণ কর্মকর্তা, বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
৯. প্রশাসনিক কর্মকর্তা/উপ-সহকারী প্রকৌশলী, বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
১০. অফিস কপি।



(মোঃ মাহবুব আলম)

উপপরিচালক (প্রশাসন ও উন্নয়ন)

ফোনঃ ৪৮৩১২৮৬৫

ই-মেইলঃ ddadmin@biam.gov.bd